

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৫০

তারিখ : ১৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোঃ রুকনুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।


আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

প্রাপক

জনাব.....
.....
নাগেশ্বরী, কুড়িগ্রাম।


১৭.০২.২০২২
সদস্য সচিব

উপজেলা মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক কমিটি

ও

উপজেলা প্রাণীসম্পদ অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উপ্রাসঅ/নাগ/কুড়ি/২০২২/ ৫০ (৩)

তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নিবাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

স্বাক্ষরিত

সদস্য সচিব

উপজেলা মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক কমিটি





ও

উপজেলা প্রাণীসম্পদ অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

- বিষয় : উপজেলা মৎস্য ও প্রাণী বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।
তারিখ : ২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ, সময় : সকাল ১১.০০ টা
স্থান : উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর :

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
১	উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সভাপতি		
২	চেয়ারম্যান, রামখানা ইউনিয়ন, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সদস্য		
৩	চেয়ারম্যান, কালীগঞ্জ ইউনিয়ন, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সদস্য		
৪	উপজেলা মৎস্য অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য		
৫	উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য সচিব		

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত ৪-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা প্রাণিসম্পদ অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনাস্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে, অর্থ সংক্রান্ত তেমন কোন আলোচনা না থাকায় পরবর্তী আলোচনার অনুরোধ করেন।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে তিনি জানান যে, উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান প্রতিবছর উদ্যোগতা বৃদ্ধির জন্য মৎস্য পদক প্রদান করা হয়। ইতোমধ্যে যোগ্য খামারিগণ অনলাইনে আবেদন প্রেরণ করেছেন। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, ছাগল-ভেড়ার বিনামূল্যে টিকা প্রদান কার্যক্রম চলমান আছে। প্রয়োজনীয় প্রচার প্রচারণা করা হচ্ছে এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন এবং সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, কালীগঞ্জ ইউপি জানান যে, গ্রাম পর্যায়ে গবাদি পশু পালনকারীদের সুবিধার্থে বিভিন্ন অস্থায়ী ক্যাম্প করে টিকা প্রদান কার্যক্রম পরিচালনার অনুরোধ জানান। বেকার যুবকদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে মৎস্য চাষ, গবাদি পশু পালন, হাঁস-মুরগি পালনের প্রশিক্ষণের ব্যবস্থা করার অনুরোধ করে বক্তব্য সমাপ্ত করেন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ রুকনুজ্জামান)

ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।